



অনন্ত কাক
--আবদুল হাকিম

কাক।
অনন্ত কাক।
এখনো কি ভাবছো
ওই মাথাটায় দাঁড়িয়ে।
আর কতকাল?
অরা কেউ আসবে না আর
ভুলেই গেছে কবে।
ওর কথা।

ওই যে পাসেই তোমার
উল্লাস কুকুর,
দারুন প্রতিযোগিতায় মত্ত ।
তুমি আর কেন দাঁড়িয়ে?
স্টপ জেনোসাইড
কবেই হয়েছে বাস্ক -বন্দি ।
তলায় পড়েছে মরিচা।
চাবিটাও আর নেই।

ভয় নেই ।
কাজটা তুমি সারতে পার
এখন।
ওরা কেউ আসবে না আর।

বাল্টিমোর, মেরিল্যান্ড
মার্চ ১২, ২০০৭